

নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনে পুলিশের সঙ্গে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সংঘর্ষ হয়েছে। এ সংঘর্ষের প্রেক্ষাপটে দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের মতবিনিময়সভায় ডেকেছে শিক্ষা মন্ত্রণালয়। ঢাকার আন্তর্জাতিক মাত্ত্বাষা ইনসিটিউট মিলনায়তনে আজ বুধবার বিকাল ৩টায় এই মতবিনিময়সভা অনুষ্ঠিত হবে বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে গতকাল জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)-এর চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।